

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ অপরের সাথে সাক্ষাতের আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মুসাফাহাহ এক হাতে এবং কেবল ডান হাতে

আরবী অভিধানে বলা হয়েছে, মুসাফাহাহ হল অপরের হাত ধরা।[1] একটি লোকের সাথে অপর লোকের মুসাফাহাহ করার অর্থ হল, একজনের করতলকে অপরের করতলে রাখা। সাক্ষাতের সময় মুসাফাহাহ হল, দুইজনের মুখোমুখী হয়ে নিজ নিজ হাতের (করতলের) সাথে হাত (করতল) মিলিয়ে ধারণ করা।[2] রাসুল (ﷺ) বলেন, "যখনই দুইজন মুসলিম পরস্পর সাক্ষাৎ করে ওদের মধ্যে একজন অপরজনকে সালাম দিয়ে তার হস্ত ধারণ করে (মুসাফাহাহ করে), আর তার হস্ত ধারণ কেবলমাত্র আল্লাহর উদ্দেশ্যেই হয়, তখনই তাদের পৃথক হওয়ার পূর্বে তাদের উভয়কে ক্ষমা করে দেওয়া হয়।"[3]

ফুটনোট

- [1]. আল-কামূসুল মুহীত্ব ১/২৯২
- [2]. লিসানুল আরাব ২/৫১৫
- [3]. আহমাদ, সহীহুল জা'মে হা/৫৭৭৮

Source — https://www.hadithbd.com/books/link/?id=8004

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন